ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
****

স- ১৬৫৬(আগরতলা, ১১।০৮)
জিরানীয়া, ১১ আগষ্ট,২০১৭

রাজ্য ভিত্তিক অনূর্ধ্ব ১৭ বালক-বালিকা ভলিবল প্রতিযোগিতা শুরু

পুরাতন আগরতলা খার্চি মেলার মাঠে অনূর্ধ্ব ১৭ বছরের বালক-বালিকাদের রাজ্য ভিত্তিক ভলিবল প্রতিযোগিতা গতকাল শুরু হয়েছে । তিনদিন ব্যাপী এই প্রতিযোগিতা গতকাল প্রদীপ প্রজ্জ্বলন করে উদ্বোধন করেন বিধানসভার উপাধ্যক্ষ পবিত্র কর । উদ্বোধনী ভাষণে তিনি বলেন, ত্রিপুরার খেলোয়াড়রা জাতীয় স্তরের অনেক খেলায় সাফল্য অর্জন করছে । তাদের সাফল্যকে আরো সংহত করতে রাজ্য সরকার নানা ভাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে । প্রতিটি স্কুলে, পঞ্চায়েতও বিভিন্ন ক্রীড়া প্রতিযোগিতাকে বাধ্যতামূলক করা হয়েছে । তিনি ছাত্র -ছাত্রীদের পড়াশুনার পাশাপাশি খেলাধূলায়ও নিজেদের যুক্ত রাখতে আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দিলীপকুমার দাস । প্রধান অতিথির ভাষণে তিনিও ছাত্র-ছাত্রীদের পড়াশুনা ও খেলাধূলা উভয় বিষয়েই সমান গুরুত্ব দেয়ার পরামর্শ দেন । যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এবং পুরাতন আগরতলা স্কুল স্পোর্টস বোর্ডের সহযোগিতায় আয়োজিত এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের শিক্ষা, স্বাস্থ্য স্থায়ী কমিটির সভাপতি সঞ্জয় দাস, পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নীহার রঞ্জন শূর । সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পুরাতন আগরতলার বি ডি ও বিংকি সাহা ও যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের অধিকর্তা তাপস রায়, ত্রিপুরা স্কুল স্পোর্ট বোর্ড-এর সচিব ধীরেন্দ্র চৌধুরী । সভাপতিত্ব করেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির শিক্ষা, স্বাস্থ্য স্থায়ী কমিটির সভাপতি সঞ্জীব মিশ্র । স্বাগত ভাষণ রাখেন পশ্চিম জেলা যুব বিষয়ক ও ক্রীড়া কার্যালয়ের অধিকর্তা মৃণাল কান্তি দাস । ভলিবল ক্রীড়া প্রতিযোগিতায় রাজ্যের ৮টি জেলা থেকে বালক ও বালিকা বিভাগে ১৬টি দল অংশ নিয়েছে ।

****